গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

স্মারক নং ৫৮.০৩.০০০০.০০৭.৩৪.০০৭.১৮- ৭৮১১

তারিখঃ ০৩/৬/১৪২৫ বঙ্গাব্দ।
১৮/৯/২০১৮ খ্রিষ্টাব্দ।

বহুতল আবাসিক/বাণিজ্যিক, হাসপাতাল/ক্লিনিক, শিল্প কারখানাসহ অন্যান্য বাণিজ্যিক ভবনসমূহ এবং বিভিন্ন সরকারি/বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহ সিএনজি, এলপিজি, এলএনজি, বোতলজাতকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের অগ্নি নিরাপত্তা, জননিরাপত্তা সংক্রান্ত ফায়ার অডিট, পরিদর্শন, সার্ভে, সেফটি প্ল্যান প্রনয়ণ ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অনুমোদন গ্রহণের নিমিত্ত ফার্ম তালিকাভুক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

দেশের সরকারি বেসরকারি বিভিন্ন অকুপেন্সী শ্রেণির বহুতল ভবন, শপিংমল, হোটেল, হাসপাতাল/ক্লিনিক,শিল্প কারখানাসহ অন্যান্য বাণিজ্যিক ভবন সমূহের (বিদ্যমান ও প্রস্তাবিত) এবং সরকারি/বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহের অগ্নি নিরাপত্তা, জননিরাপত্তা ব্যবস্থা জোরদার কল্পে **অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বিএনবিসি)-২০০৬** এর আলোকে পরিদর্শন, সার্ভে এবং ফায়ার অডিট সেফটি প্ল্যান প্রনয়ণের লক্ষ্যে আগ্রহী ও উপযুক্ত ইঞ্জিনিয়ারিং ফার্ম তালিকাভুক্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১. আবেদনের সংগে নিম্নলিখিত দলিলাদি আবশ্যিকভাবে সংযোজন করতে হবে:

ক. প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, টি আই এন, আয়কর বিবরণী ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট।
খ. আগ্রহী প্রতিষ্ঠানের NFPA Specialist Engineer এর সার্টিফিকেট এবং ISO 9001:2015 সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
গ. ডিটেইল ইঞ্জিনিয়ারিং এসেসমেন্ট, ফায়ার সেফটি ও ভবনের নিরাপত্তা সংশ্লিষ্ট ব্যবস্থাদির সংযোজন/স্থাপন করেছেন মর্মে প্রাপ্ত কমপ্লেশন সার্টিফিকেট, সংশ্লিষ্ট ভবনের নাম ও ঠিকানা সম্বলিত তালিকা। (ন্যূণতম ২০টি প্রতিষ্ঠান)
ঘ. প্রকৌশলীদের প্রোফাইল ও সনদ (ISO সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।)
ঙ. ফায়ার সেফটি ইঞ্জিনিয়ারিং ফার্মের ন্যূণতম ৮-১০ (আট হতে দশ) বছরের কর্ম অভিজ্ঞতার সনদ।
চ. ফায়ার প্রফেশনালদের ন্যূণতম যোগ্যতা হবে স্নাতক ডিগ্রীধারী, অবসরপ্রাপ্ত/চাকুরীরত প্রথম শ্রেণির কর্মকর্তা।
ছ. প্রতিষ্ঠানে কর্মরত জনবলের তালিকা।

২. সংজ্ঞাঃ ফায়ার সেফটি ইঞ্জিনিয়ারিং ফার্ম বলতে ২জন সিভিল ইঞ্জিনিয়ার, ১জন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, ২জন ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার, ১জন আর্কিটেক্ট এবং ১জন ফায়ার প্রফেশনাল এর সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠান।

৩. আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে নির্ধারিত ছকে আগামী ৩০/০৯/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বরাবরে প্রস্তাব প্রেরণ করতে হবে। নির্ধারিত ছক অধিদপ্তরের ওয়েবসাইটে (www.fireservice.gov.bd) এ পাওয়া যাবে।

১৮/৯/১৮

ব্রিগেডিয়ার জেনারেল
আলী আহাম্মেদ খান, পিএসসি (অবঃ)
মহাপরিচালক
ফোন-৯৫৫৮৮৮০।

:E\ইঞ্জিনিয়ারিং ফার্ম..

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

টেকসই উন্নয়নের লক্ষ্যে যেকোন দুর্যোগ দুর্ঘটনায় জনগণের জীবন ও সম্পদ রক্ষায় সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

অগ্নি নিরাপত্তা নিশ্চিত করা সকলের দায়িত্ব।

"প্রস্তাবিত ও বিদ্যমান বহুতল/বাণিজ্যিক/শিল্প কারখানা ও অন্যান্য ভবনের অগ্নিনিরাপত্তা বিষয়ক ফায়ার সেফটি প্ল্যান গ্রহণ সংক্রান্ত"

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রস্তাবিত বহুতল বা বাণিজ্যিক ভবন/শিল্পকারখানা/মার্কেট/শপিংমল/হাসপাতাল/ব্যাংক/বীমা/শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবন ও অন্যান্য স্থাপনা নির্মাণকারী সম্মানিত মালিক/ব্যবহারকারী/ দখলদারগণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর ৭ ধারা মোতাবেক বহুতল বা বাণিজ্যিক স্থাপনা নির্মাণের পূর্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অগ্নিনিরাপত্তা বিষয়ক অনাপত্তি ছাড়পত্র নেওয়ার বিধান রয়েছে। অন্যদিকে একই আইনের ৮ ধারায় বিদ্যমান উপরোক্ত স্থাপনার অগ্নি প্রতিরোধ, নির্বাপণ ও জননিরাপত্তা নিশ্চিতকরণকল্পে পরামর্শ সম্বলিত ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন নেওয়ার বাধ্যবাধকতা রয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, প্রস্তাবিত ভবন নির্মাণকারী সম্মানিত মালিক/ ব্যবহারকারী/দখলদারগণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বহুতল/বাণিজ্যিক ভবন নির্মাণ সম্পর্কিত অনাপত্তি ছাড়পত্র ব্যতীরেকে স্থাপনা নির্মাণ করছেন। এছাড়া বিদ্যমান ভবনের সম্মানিত মালিক/ ব্যবহারকারী/দখলদারগণ অগ্নি প্রতিরোধ, নির্বাপণ ও জননিরাপত্তা নিশ্চিতকরণকল্পে পরামর্শ সম্বলিত ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন গ্রহণ করছেন না। ফলে একদিকে যেমন অগ্নি ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে অন্য দিকে জানমালের ক্ষয়ক্ষতি বৃদ্ধির আশংকা রয়েছে এবং জননিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। উপরোক্ত স্থাপনা নির্মাণের পূর্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অনাপত্তি ছাড়পত্র গ্রহণ ও নির্মিত ভবনের অগ্নি প্রতিরোধ, নির্বাপণ ও জননিরাপত্তা নিশ্চিতকরণকল্পে পরামর্শ সম্বলিত ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন গ্রহণ করে তা বাস্তবায়ন করলে অগ্নিঝুঁকি ও জানমালের ক্ষয়ক্ষতির পরিমান বহুলাংশে হ্রাস পাবে। তাই অগ্নিঝুঁকি ও জানমালের নিরাপত্তার স্বার্থে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর ৭ ও ৮ ধারা মোতাবেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে প্রস্তাবিত ও নির্মিত ভবনের অনাপত্তি ছাড়পত্র গ্রহণ এবংঅগ্নি প্রতিরোধ, নির্বাপণ ও জননিরাপত্তা নিশ্চিতকরণকল্পে পরামর্শ সম্বলিত ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন করে নেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। ব্যর্থতায় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপরোক্ত কার্যাদি সম্পাদনের লক্ষ্যে প্রতারক চক্রের সাথে যোগাযোগ না করে সরাসরি নিকটবর্তী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জেলা পর্যায়ে অফিস এবং প্রয়োজনে অধিদপ্তর ঢাকার "ওয়ান ষ্টপ সার্ভিস" সেন্টার/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের তালিকাভুক্ত ইঞ্জিনিয়ারিং ফার্মের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে। তাছাড়া বিস্তারিত তথ্যের জন্য অথবা যে কোন সহযোগিতার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েব সাইট www.fireservice.gov.bd ভিজিট করুন/ফায়ার সার্ভিস জরুরি নাম্বার (Hot Line) ০২-৯৫৫৫৫৫৫ তে যোগাযোগ করুন।

ব্রিগেডিয়ার জেনারেল
আলী আহাম্মেদ খান পিএসসি (অবঃ)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৮৮৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

ছবি

ফায়ার সেফটি প্ল্যান তৈরির জন্য ইঞ্জিনিয়ারিং ফার্ম নিবন্ধিকরণ/তালিকাভুক্তির আবেদন ফরম।

০১. ফার্মের নাম, ঠিকানা ও Contact No (মোবাইল ও টেলিফোন):

০২. ব্যবস্থাপনা পরিচালকের নাম, ঠিকানা, ছবি ও Contact No (মোবাইল ও টেলিফোন):

০৩. ট্রেড লাইসেন্স:

০৪. TIN (হালনাগাদ আয়কর বিবরণী থাকতে হবে):

০৫. VAT Registration :

০৬. Bank Solvency Certificate :

০৭. ফার্মে নিয়োজিত প্রকৌশলীদের প্রোফাইল ও সনদ:

০৮. ফার্মসমূহের অভিজ্ঞতার সনদপত্র:

০৯. সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার ও ফায়ার প্রফেশনালদের জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত ও পেশাগত সনদের অনুলিপি, নমুনা স্বাক্ষর, সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি এবং সম্মতিপত্র :

১০. মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশন:

১১. ফার্মের কাজের অভিজ্ঞতা:

১২. ফার্মের নিযুক্ত প্রকৌশলী ও স্টাফ এর সংখ্যা এবং তাদের ব্যক্তিগত বিবরণী:

আবেদনকারীর স্বাক্ষর
সিলমোহর

E\Engineering Firm